

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪২, মুস্তাহাদা মহিলার জন্য ওযু-গোসলের বিধান জানতে চাই।

ইস্তিহাদা পিরিয়ড যখন শুরু হয় তখন পবিত্র মহিলাদের মতোই প্রতি ওয়াক্ত নামাযের পূর্বে ওযু করে নেবে। তবে, এক ওযুতে একাধিক ওয়াক্তের নামায পড়বে না। তাছাড়া দ্বিতীয় আরেকটি পদ্ধতি আছে। সেটি হলো: প্রথম গোসল করে ফজর পড়া, দ্বিতীয় গোসল করে যোহর আসর একত্রে পড়া এবং তৃতীয় গোসল মাগরিব ইশা একত্রে আদায় করা। একত্রে পড়ার অর্থ হলো যোহরের সালাম ফিরিয়ে একই ওয়াক্তে আসরের নামায আদায় করে নেবে এবং মাগরিব পড়া শেষ হলে ঐ মাগরিবের ওয়াক্তেই ইশাও পড়ে ফেলবে। এ পদ্ধতিতে বলা হয় জমা করা। ইস্তাহাদার অবস্থায় এভাবে নামায আদায় করা ফরয বা ওয়াজিব নয়। তবে অনেক বিজ্ঞ ফকীহ এ পদ্ধতিকে উত্তম বলেছেন। উল্লেখ্য যে, গর্ভবতী মেয়েদের রক্ত এলে তাও ইস্তিহাদা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12881

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন